

রোপা আমন ধানের বীজতলায় থ্রিপস পোকাকার আক্রমণ ও প্রতিকার

পূর্ণবয়স্ক থ্রিপস খুবই ছোট (১-২ মিলিমিটার লম্বা), গাঢ় বাদামি রঙের। এরা পাখা বিশিষ্ট বা পাখা বিহীন হতে পারে। স্ত্রী পোকা পাতার মধ্যে ডিম ঢুকিয়ে দেয়। ডিমগুলো খুবই ছোট (১/৪ মিলি মিটার লম্বা)। প্রথম অবস্থায় ডিমগুলো স্বচ্ছ থাকে এবং ফোটার আগে আস্তে আস্তে হলদে রঙ ধারণ করে। সদ্য ফোটা বাচ্চাগুলো কিছুক্ষণ নিশ্চল থাকে। পরে মাঝখানের কচি পাতা ও পাতার খোলে গিয়ে খাওয়া শুরু করে এবং পূর্ণবয়স্ক হওয়ার পরও তাদের জীবনকাল এখানেই কাটায়। এ পোকা বাচ্চা ও পূর্ণবয়স্ক উভয় অবস্থায় ধানের পাতার রস শুষে খায়। ধানের বীজতলা এবং প্রাথমিক কুশি অবস্থায় গাছ বেশী আক্রান্ত হয়। সব মৌসুমে এই পোকাকার প্রাদুর্ভাব দেখা যায় তবে আউশ মৌসুমে প্রকোপ বেশী থাকে। আক্রান্ত গাছের পাতাগুলো লম্বালম্বিভাবে মুড়িয়ে সূঁচের মত আকার ধারণ করে। খুব বেশী আক্রান্ত পাতা শুকিয়ে মারা যায়।



চিত্র ১: পূর্ণ বয়স্ক পোকা



চিত্র ২: ক্ষতির নমুনা

এই পোকাকার হাত থেকে ধান ফসল রক্ষার জন্য-

১. আক্রান্ত বীজতলা পানিতে ডুবিয়ে দিয়ে পরে পানি বের করে দিতে হবে।
২. আক্রান্ত জমিতে অল্প পরিমাণে নাইট্রোজেন জাতীয় সার (ইউরিয়া) ব্যবহার করুন।
৩. আক্রমণ বেশি হলে নিম্নলিখিত তালিকার যেকোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন।

কীটনাশক		প্রয়োগ মাত্রা/হেক্টর
জেনেরিক নাম	ব্র্যান্ড নাম	
ম্যালাথিয়ন	ফাইফানন ৫৭ ইসি	১.১২ লিটার
এমআইপিসি/আইসোথ্রোকার্ব	মিপসিন ৭৫ ডব্লিউপি	১.১২ কেজি
কার্বারিল	সেভিন ৮৫ ডব্লিউপি	১.৭০ কেজি
ক্রোরপাইরিফস	ডার্সবান ২০ ইসি	১.০ লিটার



কীটতত্ত্ব বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর